

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
বাজেট ও অডিট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.minland.gov.bd

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৮.২০.০১০.১২.১২৫

তারিখ: ১০/০৭/২০১৭খ্রিঃ

বিষয় : ভূমি আপীল বোর্ডের পুরাতন মাইক্রোবাস মেরামত বাবদ ব্যয়িত অর্থের ঘটনান্তর মঞ্জুরি প্রদান।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২এর স্মারক নং-০৭.১৫২.০০০.৩১.০০.০০০.(ভূমি-৫).৯৬-৬৫৭, তারিখ: ২০/০৬/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ভূমি আপীল বোর্ডের ঢাকা-মেট্রো-চ-৫১-১৭৩০ নং পুরাতন মাইক্রোবাস মেরামত বাবদ ২০০৯-২০১০ এবং ২০১২-২০১৩ অর্থ বছরে ৪,০৩,৭৭২.৯৭ (চার লক্ষ তিন হাজার সাতশত বাহাত্তর টাকা সাতানব্বই পয়সা) টাকা ব্যয়ের প্রস্তাবে অর্থ বিভাগ নিম্নরূপ সিদ্ধান্ত জ্ঞাপন করেছে:


(ক) ২০০৯-২০১০ অর্থ বছরে পুরাতন মাইক্রোবাস মেরামত বাবদ ২,১৯,৩৪৬.৮১(দুই লক্ষ উনিশ হাজার তিনশত ছেচল্লিশ টাকা একাশি পয়সা) টাকা ব্যয়ের সম্মতি জ্ঞাপন;

(খ) ২০১২-২০১৩ অর্থ বছরের পুরাতন মাইক্রোবাস মেরামত বাবদ বিলগুলি বেসরকারি প্রতিষ্ঠান থেকে সংগ্রহ করে প্রেরণ করা হয়েছে বিধায় উক্ত অর্থ বছরের গাড়ি মেরামত ব্যয়ের ক্ষেত্রে অর্থ বিভাগের অসম্মতি জ্ঞাপন।

২। এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর পত্রের ছায়ািলিপি প্রেরণপূর্বক উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

চেয়ারম্যান,
ভূমি আপীল বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা।


২০/০৭/২০১৭
(মোছাঃ সেলিনা সুলতানা)
সহকারী সচিব
ফোন : ৯৫৪০০৫০(অঃ)

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। অতিরিক্ত সচিব (বাজেট ও অডিট) মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৪। অফিস কপি।
- ০৫। মাস্টার কপি।